তারিখ 30 SEP 2016
পৃষ্ঠা ২ কলাম

দৈনিক আমাদের সময়

এসেছে। অগ্রগতির বর্তমান ধারা অব্যা
অর্থনীতির শক্তিশালী দশটি দেশের কাং

### সেমিনারে স্বাস্থ্যমন্ত্রী

# এবার সুষ্ঠুভাবে মেডিক্যালে ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে

নিজস্ব প্রতিবেদক ●

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, আসন্ন মেডিক্যাল ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি বলেন, মেডিক্যাল ভর্তি পরীক্ষা নিয়ে গত বছর যে গুজব উঠেছিল আশা করছি এ বছর সেরকম কিছু হবে না। কঠিন নিরাপত্তা ও স্বচ্ছতার মধ্য দিয়ে এবার ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে। প্রশ্ন ফাঁসের কোনো অভিযোগ আসবে না বলেই আমার বিশ্বাস। গতকাল বিকালে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে আয়োজিত এক সেমিনারে তিনি এ কথা বলেন। দেশের মানুষের সুস্বাস্থ্যের প্রত্যাশায় স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবা: প্রেক্ষাপট ও সম্ভাবনা নিয়ে এই সেমিনারের আয়োজন করা হয়।

সভায় অন্যদের মধ্যে পিডিইউর সভাপতি অধ্যাপক ডা. শহীদুল্লাহ শিকদার, ডা. দিলীপ কুমার রায়, ব্যারিস্টার আরশ আলী প্রমুখ উপস্থিত ছিলেন। সবাইকে ঐক্যবদ্ধভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার আহ্বান জানিয়ে নাসিম বলেন, শেখ হাসিনার নেতৃত্বে অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার জন্য কেন্দ্রীয় ১৪ দল একসঙ্গে কাজ করে যাচ্ছে। সবাই শেখ হাসিনাকে সহযোগিতা করবেন।

সভাপতির বক্তব্যে অধ্যাপক ডা. শহীদুল্লাহ শিকদার বলেন, চিকিৎসাসেবা গ্রাম পর্যায়ে পৌঁছে দিতে এ দেশে প্রথম কার্যক্রম শুরু করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাকে হত্যার মধ্য দিয়ে সে সেবা বন্ধ করে দেওয়া হয়েছিল। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর তা আবারও চালু হয়েছে। এখন গ্রামের মানুষ শহুরে মানুষদের মতোই চিকিৎসাসেবা পাচ্ছেন।